



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০১.১৮.২৬৫

তারিখ: ৩ ভাদ্র ১৪২৭

১৮ আগস্ট ২০২০

বিষয়: সাতক্ষীরা জেলার এ্যাডভোকেট আবদুর রহমান কলেজের সাবেক অধ্যক্ষ জনাব মোহাঃ আখতারুজ্জামানের দাখিলকৃত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: সূত্র: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৬৮ ১৬ জুন ২০২০

সাতক্ষীরা জেলার এ্যাডভোকেট আবদুর রহমান কলেজের সাবেক অধ্যক্ষ জনাব মোহাঃ আখতারুজ্জামান অবৈধ অধ্যক্ষ জনাব শামীল উল আলমের বেতন ভাতা স্থগিত/বাতিল এবং গভর্নিং বডি'র সভাপতি আবুল হোসেন মোঃ মকছুদুর রহমানসহ গভর্নিং বডি'র বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও গভর্নিং বডি বাতিল, অধ্যক্ষ মোঃ আখতারুজ্জামানের সঙ্গে জেলা প্রশাসক সাতক্ষীরাকে কলেজের সকল হিসাব পরিচালনাসহ মাসিক বেতন বিলে স্বাক্ষরের আর্থিক ক্ষমতা প্রদান এবং অবৈধ দখলদার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দখলমুক্তির লক্ষ্যে ম্যাজিস্ট্রেট নিয়োগের মাধ্যমে উদ্ধৃত সংকটের সার্বিক প্রতিকার করার লক্ষ্যে আবেদন করেন।

বর্ণিত বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য সহকারী পরিচালক (কলেজ), সেসিপি, আঞ্চলিক কার্যালয়, খুলনাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেছেন।

তদন্ত কর্মকর্তার মতামত:

১. কোন পূর্ব নোটিশ/কোন প্রক্রিয়া ছাড়া অধ্যক্ষ জনাব মোঃ আখতারুজ্জামানকে সাময়িক বরখাস্ত করা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকরির শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৯ এর ১৭ ধারা পরিপন্থী।
২. এ্যাডভোকেট আবদুর রহমান কলেজ, সাতক্ষীরার অধ্যক্ষকে সাময়িক বরখাস্ত করে যে প্রক্রিয়ায় জনাব মোঃ শামীল-উল আলমকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে সেখানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৩ ধারা সুস্পষ্ট লঙ্ঘন করা হয়েছে।
৩. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আখতারুজ্জামানকে বেতন-ভাতা প্রদান না করে কলেজের গভর্নিং বডি ও বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪; তারিখ-০৬.০৮.২০১৭খ্রি তারিখের পরিপত্র সুস্পষ্টভাবে লঙ্ঘন করেছেন।

উপর্যুক্ত বিষয়ে কলেজের গভর্নিং বডি'র সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের সত্যতা পাওয়া গেছে। শিক্ষা মন্ত্রণালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত পরিপত্র/নির্দেশনা অমান্য করে কলেজ পরিচালনা করায় তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৬৮ তারিখ: ১৬ জুন ২০২০ মোতাবেক সাতক্ষীরা জেলার এ্যাডভোকেট আবদুর রহমান কলেজের বর্তমান গভর্নিং বডি/গভর্নিং বডি'র সভাপতি'র বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া এবং নতুন গভর্নিং বডি/নতুন গভর্নিং বডি'র সভাপতি'র দায়িত্ব গ্রহণের পর বিধিবিহীনভাবে দায়িত্বপ্রাপ্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব শামীল-উল-আলম এর বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক:-(ক) কলেজের গভর্নিং বডি'র বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাক্তন অধ্যক্ষ জনাব মোহাঃ আখতারুজ্জামান কর্তৃক দাখিলকৃত অভিযোগপত্র, তদন্ত প্রতিবেদন এবং শিক্ষা মন্ত্রণালয়ের ১৬/০৬/২০২০ তারিখের সংশ্লিষ্ট পত্রের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, যশোরকে নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

৯৮৫২৪

১৮-৮-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর